



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.০৬২.২০-১১ ৪

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭
২৬ ফেব্রুয়ারি ২০২১

অফিস আদেশ

জনাব মোঃ শামসুল হক সেলিম (পরিচিতি নং-২০৮১), অঞ্চল-২ এর আওতাধীন ৬ নং ওয়ার্ডে দৈনিক মজুরী ভিত্তিক পরিচ্ছন্নতা কর্মী হিসেবে নিয়োজিত রয়েছেন। তিনি কর্তৃপক্ষের বিনানুমতিতে ০৬/০৮/২০২০ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। সে কারণে আগস্ট/২০২০ মাসে তাঁর ২৬ (ছাব্বিশ) দিনের বেতন কর্তন করা হয়েছে। কর্মস্থলে উপস্থিত না থেকেই পূর্ববর্তী মাসের বেতনসহ চলতি মাসের বেতন তাঁর অনুকূলে পরিশোধ করার জন্য তিনি নিয়মিত মোবাইল ফোনে এবং লোক মারফত চাপ প্রয়োগ করেছেন এবং সাংবাদিককে দিয়ে নানান ধরণের হয়রানি করবেন বলে পরিচ্ছন্ন পরিদর্শক জনাব মুহাম্মদ আনোয়ার হোসেন'কে হুমকি/ধমকি প্রদান করেছেন। এছাড়াও তিনি একটি বেসরকারী টেলিভিশন চ্যানেলে চাকুরী করেন মর্মে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার প্রেরিত প্রতিবেদনে প্রতিবেদিত হয়েছে। এ বিষয়ে বিগত ১০/১১/২০২০ তারিখের ৪৬.১০.০০০০.০০৫.৯৯.১৪৪.১৯-৪২৮ নং স্মারকে তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তাঁর পেশকৃত জবাব সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি।

২। এ অবস্থায়, বিষয়টি তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ রিফাত ফেরদৌস'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলো।

৩। তিনি বিষয়টি তদন্ত করে ০৭(সাত) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

জনাব মোঃ রিফাত ফেরদৌস
নির্বাহী ম্যাজিস্ট্রেট
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ এবং HRM সফটওয়্যারে তথ্য হালনাগাদ করণের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, অঞ্চল-০২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। জনাব....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।